



# ঢাকা কমার্স কলেজ

(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত) College Code: 1375 (DB), 6438 (NU), EIIN: 108207  
ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: 9023338, 9004942, 9007945

Website: www.dcc.edu.bd, Facebook: DhakaCommerceCollege, Webmail: dcc1989@dcc.edu.bd

স্মারক নং : ঢাকক-

তারিখ : ২১/০৪/২০২৪ খ্রিস্টাব্দ

## সংশোধিত বিজ্ঞপ্তি

২০২২-২৩ শিক্ষাবর্ষের দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, ৪র্থ পর্ব (নির্বাচনি) পরীক্ষা ২০২৪-এ পরীক্ষা দিয়ে তিন বা ততোধিক বিষয়ে অকৃতকার্য হয়েছে, কিংবা অসুস্থতা/অন্যান্য কারণে এক বা ততোধিক বিষয়ে পরীক্ষা দিতে পারেনি তাদের সাপ্লিমেন্টারি পরীক্ষা ১৭/০৪/২০২৪ থেকে অনুষ্ঠিত হচ্ছে। প্রতি পত্রের (দুই পত্র মিলে) পূর্ণমান ৭৫/১০০ এবং সময় ৩:০০ ঘণ্টা। প্রতি বিষয়ের MCQ এবং CQ পরীক্ষায় পৃথকভাবে উত্তীর্ণ হতে হবে। শিক্ষার্থীদের ২৫/০৪/২০২৪ তারিখের মধ্যে হিসাব শাখায় প্রতি বিষয়ের জন্য ২০০/- (দুইশত টাকা) ফি জমা দিতে হবে এবং উক্ত রশিদ প্রবেশপত্র হিসেবে পরীক্ষার হলে দেখানোর জন্য সংরক্ষণ করবে। অন্যথায় সাপ্লিমেন্টারি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। সাপ্লিমেন্টারি পরীক্ষার ফি আংশিক গ্রহণ করা হবে না।

প্রতিদিন যথারীতি পরীক্ষার পর নির্ধারিত সময়ে তাদেরকে ক্লাস কার্যক্রমে অংশ গ্রহণ করতে হবে।

বি.দ্র. সাপ্লিমেন্টারি পরীক্ষায় পাস সাপেক্ষে তাদেরকে পরবর্তী শ্রেণি কার্যক্রম ও ফরম ফিলাপের সুযোগ দেওয়া হবে।

পরীক্ষার হলে ছাত্র-ছাত্রীদের নিম্নলিখিত বিষয়সমূহ মেনে চলতে হবে :

- প্রবেশপত্র ও পরিচয়পত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না;
- পরীক্ষার হলে বিন্দুমাত্র অসদুপায় অবলম্বনের কোনো প্রমাণ পাওয়া গেলেই বহিষ্কার করা হবে;
- পরীক্ষার হলে পরীক্ষা সংক্রান্ত কাগজপত্র ছাড়া অন্য কোনো কাগজপত্র, বই, ব্যাগ, সকল ধরনের মোবাইল ফোন, প্রোজামিং ক্যালকুলেটর, স্মার্ট ঘড়ি, ইলেক্ট্রনিক ডিভাইস ইত্যাদি বহন-ব্যবহার সম্পূর্ণভাবে নিষিদ্ধ, যদি এগুলো পাওয়া যায় তা বাজেয়াপ্তসহ সংশ্লিষ্ট শিক্ষার্থীর বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- পরীক্ষা শুরু করার কমপক্ষে ১৫ মিনিট পূর্বে পরীক্ষার হলে প্রবেশ করতে হবে;
- পরীক্ষার হলে কলম, পেনসিল, ইরেজার, স্কেল, ক্যালকুলেটর ইত্যাদি পরস্পর বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ;
- পরীক্ষার্থীকে অবশ্যই উত্তরপত্রের প্রতি পৃষ্ঠায় ১৬ থেকে ১৮ লাইন এবং প্রতি লাইনে কমপক্ষে ৫ থেকে ৬টি শব্দ লিখতে হবে;
- পরীক্ষার্থীকে পূর্ণ সময় হলে অবস্থান করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে;
- পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীকে অবশ্যই কলেজ ইউনিফর্ম পরিধান করে আসতে হবে;
- উত্তরপত্রের বাম পাশে ও ওপরে পেনসিল দিয়ে ১ ইঞ্চি মার্জিন দিতে হবে। এছাড়া চিত্র ব্যতীত অন্য কোথাও পেনসিল দিয়ে লেখা যাবে না।
- পরীক্ষার ফি জমা রশিদ হারিয়ে গেলে বা অন্য কোনো কারণে আনতে না পারলে, সেক্ষেত্রে পরীক্ষার দিন হিসাব শাখায় ১০০/- টাকা জমা দিয়ে পরীক্ষা নিয়ন্ত্রণ শাখা হতে পরীক্ষার অনুমতিপত্র সংগ্রহ করে পরীক্ষার হলে যাবে।

## অবশিষ্ট পরীক্ষার সময়সূচি [৪র্থ পর্ব (নির্বাচনি) সাপ্লিমেন্টারি]

পরীক্ষার তারিখ ও বার	পরীক্ষার বিষয় ও পত্র	বিষয় কোড	সময়
২৮-০৪-২০২৪ (রবিবার)	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	২৭৫	১০:৩০টা-১:৩০টা
২৯-০৪-২০২৪ (সোমবার)	ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম ও ২য় পত্র	২৭৭ ও ২৭৮	১০:৩০টা-১:৩০টা
	পদার্থবিজ্ঞান ১ম ও ২য় পত্র	১৭৪ ও ১৭৫	
৩০-০৪-২০২৪ (মঙ্গলবার)	হিসাববিজ্ঞান ১ম ও ২য় পত্র	২৫৩ ও ২৫৪	১০:৩০টা-১:৩০টা
	রসায়ন ১ম ও ২য় পত্র	১৭৬ ও ১৭৭	
০২-০৫-২০২৪ (বৃহস্পতিবার)	উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম ও ২য় পত্র	২৮৬ ও ২৮৭	১০:৩০টা-১:৩০টা
	জীববিজ্ঞান ১ম ও ২য় পত্র	১৭৮ ও ১৭৯	
০৫-০৫-২০২৪ (রবিবার)	ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ১ম ও ২য় পত্র	২৯২ ও ২৯৩	১০:৩০টা-১:৩০টা
	উচ্চতর গণিত ১ম ও ২য় পত্র	২৬৫ ও ২৬৬	
০৬-০৫-২০২৪ (সোমবার)	অর্থনীতি ১ম ও ২য় পত্র	১০৯ ও ১১০	১০:৩০টা-১:৩০টা
	পরিসংখ্যান ১ম ও ২য় পত্র	১২৯ ও ১৩০	
	গার্হস্থ্য বিজ্ঞান ১ম ও ২য় পত্র	২৭৩ ও ২৭৪	

২১/০৪/২৪  
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

২১.০৪.২০২৪  
আহ্বায়ক (পরীক্ষা কমিটি)

২১/০৪/২৪  
উপাধ্যক্ষ

২১/০৪/২৪  
অধ্যক্ষ

ক্রম	বিতরণ	স্বাক্ষর	ক্রমিক	বিতরণ	স্বাক্ষর
১	অধ্যক্ষ মহোদয়ের দপ্তর		৩	দ্বাদশ শ্রেণির সকল শ্রেণি কক্ষ	
২	উপাধ্যক্ষ মহোদয়ের দপ্তর		৪	প্রয়োজনীয় সকল বিভাগ- শিক্ষার্থী উপদেষ্টাগণ- শাখা	